টানা পাঁচবারের মতো ফরাসি লিগ চ্যাম্পিয়ন পিএসজি



সংগৃহীত ছবি

লঁসকে হারিয়ে আবারও ফরাসি লিগের শিরোপা জিতেছে পিএসজি। বুধবার রাতে প্রতিপক্ষের মাঠে ২-০ গোলের জয়ে টানা পঞ্চমবারের মতো লিগ ওয়ান চ্যাম্পিয়ন হলো প্যারিসের ক্লাবটি। ৭৬ পয়েন্ট নিয়ে শীর্ষে থাকা দলটিকে আর ছুঁতে পারবে না দ্বিতীয় স্থানে থাকা লঁস।

ম্যাচের প্রথমার্ধে আক্রমণ-পাল্টা আক্রমণে জমে ওঠে লড়াই। শুরুতে কয়েকবার সুযোগ তৈরি করেও গোল করতে পারেনি স্বাগতিকরা। বরং ২৯ মিনিটে ওসমান দেম্বেলের বাড়ানো বলে গোল করে পিএসজিকে এগিয়ে দেন খভিচা কভারাতসখেলিয়া।

বিরতির পর লঁস সমতায় ফেরার চেষ্টা চালালেও দুর্দান্ত পারফরম্যান্স দেখান গোলরক্ষক মাতভেই সাফোনভ। একাধিক আক্রমণ ঠেকিয়ে দলকে এগিয়ে রাখেন তিনি। ম্যাচের ৭৩ মিনিটে লঁসের একটি শট পোস্টে লাগলে হতাশ হয় স্বাগতিক সমর্থকরা।

ম্যাচের শেষদিকে দ্রুত পাল্টা আক্রমণ থেকে ব্যবধান বাড়ান বদলি খেলোয়াড় ইব্রাহিম এমবাই। তার গোলেই জয় নিশ্চিত হয় পিএসজির। চোটের কারণে কয়েকজন নিয়মিত ফুটবলার না থাকলেও ম্যাচ নিয়ন্ত্রণে রাখতে সমস্যা হয়নি লুইস এনরিকের দলের।

এ নিয়ে লিগ ওয়ানে পিএসজির শিরোপা সংখ্যা দাঁড়াল ১৪টিতে। এখন তাদের লক্ষ্য চ্যাম্পিয়নস লিগ। আগামী ৩০ মে বুদাপেস্টে ফাইনালে আর্সেনালের মুখোমুখি হবে ফরাসি জায়ান্টরা।